

🗏 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯:১৪

া আরবি মূল আয়াত:

وَّ بَرًّا بِوَالِدَيهِ وَ لَم يَكُن جَبَّارًا عَصِيًّا ﴿١٢﴾

🗚 অনুবাদসমূহ:

আর সে ছিল তার পিতা-মাতার সাথে সদাচারী, আর ছিল না অহংকারী, অবাধ্য। — আল-বায়ান আর পিতা-মাতার প্রতি সদয়, সে দাম্ভিক, অবাধ্য ছিল না। — তাইসিরুল মাতা-পিতার অনুগত এবং সে ছিলনা উদ্ধ্যত, অবাধ্য ছিলনা। — মুজিবুর রহমান

And dutiful to his parents, and he was not a disobedient tyrant. — Sahih International

- ১৪. পিতা-মাতার অনুগত এবং তিনি ছিলেন না উদ্ধত ও অবাধ্য।(১)
 - (১) তিনি আল্লাহর অবাধ্যতা ও পিতা-মাতার অবাধ্যতা হতে মুক্ত ছিলেন। হাদীসে এসেছে, "কিয়ামতের দিন আদম সন্তান মাত্রই গুনাহ নিয়ে আসবে। তবে ইয়াহইয়া ইবন যাকারিয়্যা এর ব্যতিক্রম। [মুসনাদে আহমাদ: ১/২৫৪, ২৯২]

তাফসীরে জাকারিয়া

- (১৪) পিতা-মাতার অনুগত এবং সে উদ্ধত ও অবাধ্য ছিল না। [1]
 - [1] অর্থাৎ, পিতা-মাতা বা নিজ প্রতিপালকের অবাধ্য ছিলেন না। এর অর্থ হল, যদি আল্লাহ তাআলা কারো অন্তরে পিতা-মাতার প্রতি ভালবাসা, স্নেহ-মমতা, তাঁদের আনুগত্য ও খিদমত, তাঁদের সাথে সদ্যবহার বা সদাচার করার শক্তি দান করেন তাহলে তা হবে তাঁর বিশেষ অনুগ্রহ। সুতরাং যদি এর বিপরীত চরিত্র কারো মধ্যে বিদ্যমান থাকে তাহলে তা হল আল্লাহর অনুগ্রহ হতে বঞ্চনার ফল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2264

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন